## অধ্যায়-৫: শিক্ষণ ও স্মৃতি

১৫৭. অভিজ্ঞতার ওপর প্রতিষ্ঠিত আচরণের তুলনামূলক স্থায়ী পরিবর্তনকে কী বলে? [জ্ঞান]
ক) বুদ্ধি খ) ব্যক্তিত্ব গ) স্মৃতি ঘ) শিক্ষণ **ঘ**

১৫৮. কে 'Animal Learning' এর ওপর প্রথম মনোগ্রাফ লিখেন? [জ্ঞান]
ক) থর্নডাইক খ) হবহাউজ
গ) প্যাভলভ ঘ) এডামস **ক**

১৫৯. 'মনোবিজ্ঞানীগণ শিক্ষণকে আচরণ বা সম্ভাবনাসূচক আচরণের পরিবর্তন হিসেবে সংজ্ঞায়িত করেছেন'— এটি কোন মনোবিজ্ঞানী বলেছেন? [জ্ঞান]
ক) ওয়াইটেন খ) কেভানহ
গ) সলোমন ঘ) জন. সি. রাচ **ঘ**

১৬০. আচরণের পরিবর্তন ঘটবে কীসের ভিত্তিতে? [অনুধাবন]
ক) শারীরিক বৃদ্ধি খ) পরিপক্বতা
গ) অনুশীলন ঘ) দুর্ঘটনা **গ**

১৬১. শিক্ষণ হলো– *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
i. রহিম সাইকেল চালাতে পারে
ii. রাজু সাঁতার কাটতে পারে
iii. সেলিনা সেলাই করতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৬২. শিক্ষণের উপাদান বা শর্ত— *[বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]*
i. সমস্যা ii. সংযোগ iii. প্রেষণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

উদ্দীপকটি পড়ো এবং ১৬৩ ও ১৬৪ নং প্রশ্নের উত্তর দাও:
রিমি ও মিমি দুই বোন। রিমি প্রায়ই তার মায়ের মতো করে কথা বলে। একদিন মিমির মা ঘুমাচ্ছিল। মিমি দরজায় নক করার শব্দ শুনতে পেল। সে মাকে বিরক্ত না করে টেবিলের ওপর চেয়ার যুক্ত করে দরজা খুলে দিল। *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

১৬৩. উদ্দীপকে রিমির বিষয়টি কোন ধরনের শিক্ষণ?
ক) সুপ্ত শিক্ষণ খ) প্রাসঙ্গিক শিক্ষণ
গ) অনুকরণ শিক্ষণ ঘ) অন্তর্দৃষ্টিমূলক শিক্ষণ **গ**

১৬৪. মিমির শিক্ষণের বৈশিষ্ট্য হচ্ছে–
i. হঠাৎ কোনো সমস্যার সমাধান হওয়া
ii. পরিবেশের উদ্দীপকের মধ্যে সম্পর্ক তৈরি করা
iii. অন্যকে দেখে তা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ক**

১৬৫. কোনটিকে কেন্দ্র করে শিক্ষণের সূত্রপাত হয়? [জ্ঞান]
ক) অনুশীলন খ) উদ্দীপক
গ) সমস্যা ঘ) প্রেষণা **গ**

১৬৬. উদ্দীপকের মধ্যে সংযোগ স্থাপিত হলে তাকে কী বলা হয়? [জ্ঞান]
ক) প্রেষণা খ) উদ্দীপক-উদ্দীপক
গ) উদ্দীপক-প্রতিক্রিয়া ঘ) নৈকট্য **খ**

১৬৭. কোনটির ওপর শিক্ষণের পরিমাণ নির্ভর করে? [জ্ঞান]
ক) প্রেষণা খ) উদ্দীপক গ) প্রচেষ্টা ঘ) নৈকট্য **গ**

১৬৮. সংযোগের প্রকারভেদ— [অনুধাবন]
i. উদ্দীপক-উদ্দীপক সংযোগ
ii. উদ্দীপক প্রতিক্রিয়া সংযোগ
iii. প্রতিক্রিয়া প্রতিক্রিয়া সংযোগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

১৬৯. কীসের মাধ্যমে শিক্ষণের পরিমাপ করা যায়? [জ্ঞান]
ক) অনুশীলন খ) কর্মসম্পাদন
গ) প্রচেষ্টা ঘ) বুদ্ধি **খ**

১৭০. শিক্ষণের প্রকারভেদ— [অনুধাবন]
i. প্রচেষ্টা ও ভুল সংশোধনের মাধ্যমে
ii. চিরায়ত সাপেক্ষীকরণ
iii. সহায়ক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৭১. কে প্রথম সুসংবদ্ধভাবে করণ শিক্ষণের অনুধ্যান করেন? [জ্ঞান]
ক) থর্নডাইক খ) হব হাউজ
গ) প্যাভলভ ঘ) এডামস **ক**

১৭২. 'Law of effect' প্রণয়ন করেন কে? [জ্ঞান]
ক) থর্নডাইক খ) প্যাভলভ
গ) টলম্যান ঘ) স্কিনার **ক**

১৭৩. কে সর্বপ্রথম সাপেক্ষীকরণ ধারণাটি দেন? [জ্ঞান]
ক) প্যাভলভ খ) স্কিনার
গ) হব হাউজ ঘ) এডামস **ক**

১৭৪. লালা নিঃসরণকে সাপেক্ষীকরণে কী বলা হয়? [জ্ঞান]
ক) স্বাভাবিক উদ্দীপক খ) স্বাভাবিক প্রতিক্রিয়া
গ) সাপেক্ষ উদ্দীপক ঘ) সাপেক্ষ প্রতিক্রিয়া **খ**

১৭৫. সাপেক্ষ উদ্দীপক উপস্থাপন করে, অসাপেক্ষ উদ্দীপক পর্যন্ত বিলম্বিত করলে তাকে কী সাপেক্ষীকরণ বলা হয়? [জ্ঞান]
ক) বিলম্বিত খ) যুগপৎ
গ) ছাপ ঘ) চিরায়ত **ক**

১৭৬. কোন সাপেক্ষীকরণে নির্দিষ্ট সময় পূর্বে সাপেক্ষ উদ্দীপককে সরিয়ে নেওয়া হয়? [জ্ঞান]
ক) বিলম্বিত খ) ছাপ
গ) যুগপৎ ঘ) চিরায়ত **খ**

১৭৭. সাপেক্ষ উদ্দীপক কর্তৃক সৃষ্ট প্রতিক্রিয়াকে কী বলা হয়? [জ্ঞান]
ক) স্বাভাবিক প্রতিক্রিয়া
খ) সাপেক্ষ প্রতিক্রিয়া
গ) অসাপেক্ষ উদ্দীপক
ঘ) অসাপেক্ষ প্রতিক্রিয়া **খ**

Teachingbd.com

১৭৮. চিরায়ত সাপেক্ষীকরণের প্রক্রিয়া হলো— [অনুধাবন]
i. অর্জন
ii. অবলুপ্তি iii. পুনরাগমন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৭৯. সহায়ক শিক্ষণ কোন সাপেক্ষীকরণের বর্ধিত রূপ? [জ্ঞান]
ক বিলম্বিত খ যুগপৎ
গ চিরায়ত ঘ ছাপ **গ**

১৮০. শিক্ষণে স্কিনারবক্স ব্যবহার করেন কে? [জ্ঞান]
ক স্কিনার খ ওয়াইটেন
গ ক্রাইডার ঘ গোথালস **ক**

১৮১. সহায়ক শিক্ষণের বৈশিষ্ট্যে থাকে— [জ্ঞান]
i. নির্ভুল প্রতিক্রিয়া
ii. বলবর্ধক iii. প্রেষণা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৮২. নতুন অনুসজ্জাঠন ও সম্পর্ক প্রত্যক্ষণের সাথে কোন শিক্ষণ সম্পর্কযুক্ত? [জ্ঞান]
ক সহায়ক খ জ্ঞানগত
গ পরিজ্ঞান ঘ অনুকরণ **খ**

১৮৩. 'শিক্ষণের সমগ্রতাবাদ' নামে পরিচিত কোনটি? [জ্ঞান]
ক চিরায়ত খ জ্ঞানগত
গ পরিজ্ঞানমূলক ঘ সহায়ক **গ**

১৮৪. পরিজ্ঞানমূলক শিক্ষণের ওপর গবেষণা করেন—[জ্ঞান]
i. কোহলার
ii. টলম্যান iii. ইয়ারকিস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৮৫. একটি বিষয় শিখতে গিয়ে অন্য বিষয় শিক্ষণকে কী বলে? *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]*
ক অনুকরণ শিক্ষণ খ সুপ্ত শিক্ষণ
গ প্রাসঙ্গিক শিক্ষণ
ঘ অন্তর্দৃষ্টিমূলক শিক্ষণ **গ**

১৮৬. শিশু তার বাবার মতো করে পত্রিকা পড়ে। এটি কোন ধরনের শিক্ষণ? *[ঢাকা মহানগর মহিলা কলেজ]*
ক প্রাসঙ্গিক খ অনুকরণ শিক্ষণ
গ অন্তর্দৃষ্টিমূলক শিক্ষণ ঘ সুপ্ত শিক্ষণ **খ**

১৮৭. শিশুর মায়ের মতো রান্না করা কোন ধরনের শিক্ষণ? *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]*
ক প্রাসঙ্গিক শিক্ষণ খ অন্তর্দৃষ্টিমূলক শিক্ষণ
গ অনুকরণ শিক্ষণ ঘ সুপ্ত শিক্ষণ **গ**

১৮৮. গবেষণার মাধ্যমে পরীক্ষণ হয়ে থাকে— [অনুধাবন]
i. সুপ্ত শিক্ষণে
ii. প্রাসঙ্গিক শিক্ষণে
iii. অনুকরণ শিক্ষণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৮৯. নিচের কোনটি সঠিক? [জ্ঞান]
ক স্মৃতি = শিক্ষণ — বিস্মৃতি
খ স্মৃতি = বিস্মৃতি — শিক্ষণ
গ স্মৃতি = বুদ্ধি — বিস্মৃতি
ঘ স্মৃতি = শিক্ষণ — বুদ্ধি **ক**

১৯০. কোনটি ছাড়া স্মরণ ক্রিয়া অসম্পূর্ণ থেকে যায়? [জ্ঞান]
ক শিক্ষণ খ পুনরুদ্রেক
গ প্রত্যাভিজ্ঞা ঘ সংরক্ষণ **গ**

১৯১. কোনটির স্মরণ করার ক্ষমতা রয়েছে— [অনুধাবন]
i. মানুষ
ii. টেপরেকর্ডার
iii. কম্পিউটার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৯২. স্মরণ রাখার ক্ষমতাকে কী বলে? *[আলহেরা একাডেমি (স্কুল এন্ড কলেজ), বেড়া, পাবনা]*
ক স্মৃতি খ শিক্ষণ গ বিস্তৃতি ঘ বুদ্ধি **ক**

১৯৩. অপ্রীতিকর ঘটনাকে কীসের মাধ্যমে অবচেনতস্তরে রাখতে পারি? [অনুধাবন]
ক অবদমনের খ মহড়ার
গ আবেগের ঘ শিক্ষণের **ক**

**উদ্দীপকটি পড়ে ১৯৪ ও ১৯৫নং প্রশ্নের উত্তর দাও।**
সাকা ও ঝাকা দুই বন্ধু একই ক্লাসে পড়ে। সাকা নিয়মিত পড়ালেখা করে কিন্তু মনে রাখতে পারে না। অপরদিকে ঝাকার এরকম কোনো সমস্যা হয় না। সে পড়ে সহজেই আয়ত্ত করতে পারে। এজন্য তার কাছে সাকা একদিন পরামর্শ নিতে আসে এবং সে পড়া মনে রাখার জন্য আবৃত্তি, মনোযোগ ও শব্দ করে পড়ার কিছু কৌশল বলে দেয়।

১৯৪. ঝাকার কৌশলগুলো কী উন্নত করার কৌশল? [প্রয়োগ]
ক শিক্ষণ খ স্মৃতি
গ মনোযোগ ঘ ফলাফল **খ**

১৯৫. উদ্দীপকে উক্ত কৌশল ছাড়া সাকাকে আরো যে কৌশলগুলো বলা যেতে পারে— [উচ্চতর দক্ষতা]
i. দৃঢ় সংকল্প ii. সংঘবদ্ধকরণ
iii. পড়ার মনোরম পরিবেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

Teachingbd.com